গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা
www.bba.gov.bd

স্মারক নং ৫০.০১.০০০০.১০৮.৬১.০০১.১৯- ০৩

তারিখ: ২১ পৌষ ১৪২৯ / ০৫ জানুয়ারি ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উন্নয়ন বাজেটের আওতাধীন সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সরকারি বিধি মোতাবেক) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
০১.	সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-০৯, বেতন: ৩৫,৬০০/- টাকা	০১ (এক)	অনুর্ধ্ব-৩০	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী।
০২.	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-১০, বেতন: ২৭,১০০/- টাকা	০১ (এক)	অনুর্ধ্ব-৩০	কোন স্বীকৃত বোর্ড হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা।

আবেদনের শর্ত ও নিয়মাবলী :

০১. ২৫ মার্চ ২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২. আবেদনকারী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd এ প্রবেশ করে **e-Recruitment Menu** অথবা https://eservice.bba.gov.bd/recruitment/ এর মাধ্যমে **আগামী ০৯ জানুয়ারি ২০২৩ তারিখ সকাল ০৯.০০ টা থেকে শুরু হয়ে ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ বিকাল ০৫.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;**

০৩. আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb-এর মধ্যে হতে হবে;

০৪. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে;

০৫. **প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে বিকাশের (bKash) মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ এ বর্ণিত পদের জন্য (অফেরতযোগ্য) ৬০০.০০ টাকা ও অনলাইন ফি বাবদ ১০.০০ টাকাসহ সর্বমোট ৬১০.০০ (ছয়শত দশ) টাকা এবং ক্রমিক নং ২ এ বর্ণিত পদের জন্য (অফেরতযোগ্য) ৫০০.০০ টাকা এবং অনলাইন ফি বাবদ ১০.০০ টাকাসহ সর্বমোট ৫১০.০০ (পাঁচশত দশ) টাকা পরিশোধ করতে হবে। আবেদন করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;**

০৬. User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক হতে পুনরুদ্ধার করতে পারবেন;

০৭. **বিকাশের মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া:**

১ম ধাপ: আবেদনের ওয়েবসাইটের **e-Recruitment menu-**তে ক্লিক করে লগইন অপশন 'Applicant Login' বাটনে ক্লিক করুন;
২য় ধাপ: User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করুন;
৩য় ধাপ: 'Payment Information/Download Admit Card' মেনুতে ক্লিক করুন;
৪র্থ ধাপ: 'Pay With bKash' লিংক-এ ক্লিক করার পর একটি পপআপ উইন্ডো আসবে। পপআপ উইন্ডো এর 'your bKash account number' টেক্সট বক্সে যে বিকাশ এ্যাকাউন্ট থেকে ফি পরিশোধ করা হবে সেটি প্রদান করুন;
৫ম ধাপ: বিকাশ এ্যাকাউন্ট প্রদান করার পর 'CONFIRM' বাটনে ক্লিক করুন;
৬ষ্ঠ ধাপ: বিকাশ থেকে একটি গোপন 'Verification Code' প্রদানকৃত বিকাশ এ্যাকাউন্টের নম্বরে এসএমএস প্রেরণ করা হবে। 'Verification Code' টি প্রদান করে 'CONFIRM' বাটনে ক্লিক করুন;
৭ম ধাপ: বিকাশ এ্যাকাউন্টের PIN নম্বরটি প্রদান করে 'CONFIRM' বাটনে ক্লিক করুন;
৮ম ধাপ: সফলভাবে ফি পরিশোধ হয়ে গেলে 'Transaction Successful Your Payment has been successfully completed…' মেসেজ দেখাবে এবং আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন;

০৮. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website এবং প্রার্থীর মোবাইল (Mobile) ফোনে SMS এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে;

০৯. বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্য বেতনে উন্নয়ন প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।

১০. অসত্য/ভুল তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-০২

১১. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত মৌখিক পরীক্ষার দিন উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২ ঠিকানায় জমা দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইভা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
(ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র;
(ঙ) ডাউনলোডকৃত Applicant Copy এর সত্যায়িত কপি; ও
(চ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি।

১২. উল্লিখিত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।

১৩. নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা উন্নয়ন প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৫. উন্নয়ন প্রকল্প সমাপ্তির সঙ্গে সঙ্গে চাকুরীর অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরী অবসানের নোটিশ হিসেবে গণ্য হবে।

১৬. কর্তৃপক্ষ পদ সংখ্যা কম/বেশী/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৭. এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট Web Site: www.bba.gov.bd-তে পাওয়া যাবে।

05-01-2023
(শেখ ইশতিয়াক আহমেদ)
উপপরিচালক (প্রশাসন)